গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
(আইসিটি শাখা)
www.bhola.gov.bd

তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির
জুন, ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ তৌফিক -ই-লাহী চৌধুরী
জেলা প্রশাসক, ভোলা।
সভার স্থান : জেলা প্রশাসক, ভোলা এর সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় : ৩০/০৬/২০২২ খ্রি. বেলা - ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সংশ্লিষ্ট রেজিস্টারে রক্ষিত

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর তাঁর অনুমোদনক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ভোলা সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন এবং সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | তথ্য অধিকার আইন- ২০০৯ সম্পর্কে সাধারণ মানুষ কিছুটা সচেতন হলেও সম্পূর্ণ সচেতন নয়। তাই এ আইন সম্পর্কে সাধারণ মানুষসহ সকলকে সচেতন করার জন্য নির্দিষ্ট সময় অন্তর অন্তর নানামুখী প্রচারণা চালানো প্রয়োজন। | ১। তথ্য অধিকার আইন-২০০৯ সম্পর্কে উপজেলা ভিত্তিক সভা, মাইকিং ও লিফলেট বিতরণসহ ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা তথ্য অফিসার, ভোলা। |
| ০২ | সভায় তথ্য প্রাপ্তির আবেদন পরবর্তী নির্ধারিত সময়ের মধ্যে প্রদানের জন্য সভাপতি জোর তাগিদ দেন। তথ্য প্রদানের ক্ষেত্রে কোন অফিস বা তথ্য প্রদান ইউনিটের সমস্যা রয়েছে কিনা তা জানতে চান। এ বিষয়ে সদস্যগণ জনান যে, অনেক সময় অন্যান্য দপ্তর থেকে তথ্য প্রাপ্তি সাপেক্ষে সমন্বয় সাধন করে জনগনকে চাহিত তথ্য প্রদান করতে হয়। বিভিন্ন দপ্তর হতে প্রাপ্তির জন্য অনেক সময়ই অপেক্ষা করতে হয়। ফলে সব সময় জনগণকে দ্রুততম সময়ে সেবা প্রদান করা সম্ভব হয়না। | ২। তথ্য প্রদান বিষয়ে দপ্তরসমূহের মধ্যে পারস্পরিক যোগাযোগ সুষ্ঠু ও সুন্দর রাখতে হবে এবং আইন অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে তথ্য প্রদান করতে হবে। | কমিটির সকল সদস্য |
| ০৩ | মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে উপজেলা কমিটি প্রতি ০২ (দুই) মাস অন্তর সভা করত: সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ ও তথ্য কমিশনে প্রেরণ পূর্বক অত্র কার্যালয়ে অনুলিপি প্রেরণ করার বিষয়ে সভাপতি উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলার দৃষ্টি আকর্ষণ করেন। | ৩। উপজেলা কমিটি প্রতি ০২ (দুই) মাস অন্তর সভা করতঃ সভার কার্যবিবরণী এই কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) ভোলা। |
| ০৪ | তথ্য অধিকার আইন- ২০০৯ এর ৭ নম্বর ধারা সম্পর্কে সকল দপ্তর প্রধানের অবহিত হওয়া প্রয়োজন বলে সভায় আলোচনা করা হয়। তাছাড়া সঠিক নিয়ম মেনে মানুষকে তথ্য প্রদানের জন্য সভার সদস্যগণ মত প্রকাশ করেন। | ৪। তথ্য অধিকার আইন ২০০৯ এর ৭ নম্বর ধারা সম্পর্কে সকল দপ্তর প্রধানকে অবহিত হতে হবে এবং সঠিক নিয়ম মেনে মানুষকে তথ্য প্রদান করতে হবে। | জেলার সকল সরকারি দপ্তরের প্রধান। |
| ০৫ | তথ্য অধিকার আইন ২০০৯ এ জেলা ও উপজেলা পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করার সরকারি নির্দেশনা থাকা সত্বেও যে সমস্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এখনও অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করেনি তাদের বিষয়ে তথ্য কমিশনের বরাত দিয়ে দ্রুততম | ৫। আগামী ৩১/০৭/২০২২ তারিখের মধ্যে অবশিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করে সনদের ফটোকপি এ কার্যালয়ে প্রেরণ করবেন। | জেলা পর্যায়ের দপ্তর প্রধান / উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা। |

| | | | |
|---|---|---|---|
| | সময়ের মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করার তাগিদ দেওয়া হয়। | | |
| ০৬ | সরকারি কর্মকর্তাগণ যেকোন সময় বদলি হতে পারেন। তাই কোন কর্মকর্তা বদলি হলে সাথে সাথে নতুন কর্মকর্তার নাম, ফোন নম্বর ও ই-মেইলসহ যাবতীয় তথ্যাদি হালনাগাদ করা প্রয়োজন বলে সভায় সদস্যগণ মত প্রকাশ করেন। | ৬। কোন কর্মকর্তা বদলি হলে নতুন কর্মকর্তার নাম ওয়েবপোর্টালে হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রোগ্রামার জেলা কার্যালয়, ভোলা। |
| ০৭ | উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইন সম্পর্কে সাধারণ মানুষ ও সরকারি-বেসরকারি লোকজন এখনও সচেতন নয়। তাই উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ডগুলোতে তথ্য অধিকার আইন, ২০০৯ সংক্রান্ত লিফলেট বা ফেস্টুন প্রচার করার বিষয়ে জোর তাগিদ দেওয়া হয়। | ৭। উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে মূল্যবান পরামর্শ, গুরুত্বপূর্ণ তথ্য উপস্থাপন ও আলোচনায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৭/২০২২

(মোঃ তৌফিক -ই-লাহী চৌধুরী)
জেলা প্রশাসক
ও
সভাপতি
তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন)
ও পরিবীক্ষণ জেলা কমিটি
ভোলা।

২২ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
তারিখঃ ০৬ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ

স্মারক নং- নং- ০৫.১০.০৯০০.০২৩.০২.০০০.১৮- ১০৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রধানমন্ত্রীর মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব ( সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব. তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা), এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
০৬। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৭। জেলা প্রশাসক............... সকল।
০৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা।

০৬/০৭/২২

ভারপ্রাপ্ত কর্মকর্তা
জেলা প্রশাসকের কার্যালয়
ও
সদস্য সচিব
তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন)
ও পরিবীক্ষণ জেলা কমিটি
ভোলা।